# নতুন ভোটার নিবন্ধন

* অনলাইনে ফরম-২ পূরণ করতে হবে। পূরণকৃত ফরমের প্রিন্ট কপি অত্র অফিসে অফিস চলাকালীন সময় দুপুর ১.০০ টার মধ্যে জমা প্রদান করতে হবে। পরবর্তীতে ছবি তোলার তারিখ জানিয়ে দেয়া হবে।

* ফরম-২ এর ২নং পৃষ্ঠায় ৩৪ নম্বরে আবেদনকারীর পিতা/মাতার আইডি নম্বর ও ৩৫ নম্বরে স্বাক্ষর ও ৪০ নম্বরে মেম্বার/কাউন্সিলর/মেয়র/চেয়ারম্যান এর নাম, ৪১ জাতীয় পরিচয়পত্র নম্বর এবং ৪২ নম্বরে যাচাইকারীর স্বাক্ষর ও সীল অবশ্যই নিতে হবে।

* ১৭ ডিজিটের অনলাইন জন্ম সনদের ফটোকপি।
* ৫ম/৮ম/মাধ্যমিক ও সবোর্চ্চ শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
* ৫ম শ্রেনি পাশ এর কম হলে অধ্যয়নরত স্কুলের প্রধান শিক্ষক এর স্বাক্ষর, সিল ও স্মারক নম্বর সম্বলিত ছাড় পত্র/প্রত্যয়নপত্র অবশ্যই দাখিল করতে হবে।
* পিতা ও মাতার NID ফটোকপি/ অনলাইন মৃত্যু সনদ দাখিল করিতে হবে।
* পিতা মাতা মৃত্যু হইলে ভাই বোনের NID ফটোকপি দাখিল করিতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।
* বিবাহিত হইলে স্বামী/স্ত্রীর NID ফটোকপি ও কাবিন নামা।
* রক্তের গ্রুপ পরীক্ষার রিপোর্ট।
* ভোটার হয়নি এই মর্মে চেয়ারম্যান কর্তৃক প্রত্যয়নপত্র।
* নাগরিকত্ব সনদ, চৌকিদারী ট্যাক্স ফি রশিদ এর মুল কপি।
* বিদ্যুৎ বিলের মুল কপি এবং যার নামে বিদ্যুৎ বিল তার NID কার্ডের কপি।
* পাসর্পোট সাইজের ০১(এক) কপি ছবি ফরমের উপরে লাগাতে হবে।

**প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় কাগজপত্র সংযুক্ত করতে হবে।**

- চাকুরিজীবী হইলে উর্দ্ধতন কর্তৃপক্ষের প্রত্যয়নপত্র।
- প্রবাসী হইলে পাসপোর্ট এর ফটোকপি।
- জায়গা জমির দলিলপত্র।
- ওয়ারিশ সনদ/পারিবারিক সনদ।
- প্রযোজ্য ক্ষেত্রে কমিশনের চাহিত অন্যান্য কাগজপত্র।

**বায়োমেট্রিক প্রদানের দিন অবশ্যই দাখিলকৃত সকল কাগজপত্রের মুল কপি সংঙ্গে আনতে হবে।**

***কোন প্রকার ভুয়া জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল নম্বর ও স্বাক্ষর ব্যবহার করালে আবেদনটি বাতিল করা হবে এবং আবেদনকারীর বিরুদ্ধে আইনি ব্যবস্থা নেয়া হবে।**